



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 24  
Class - 2

Subject : Bengali Text  
Topic : বনের পাখি

Date : 11.12.2020

নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।

১) 'বনের পাখি' কবিতাটি কে লিখেছেন এবং এই কবিতায় কে বনের পাখিকে ডাকছে, পাখিটিকে সে কোথায় রাখতে চায় ও কী খেতে দিতে চায়?

উঃ 'বনের পাখি' কবিতাটি লিখেছেন যোগীন্দ্রনাথ সরকার। এই কবিতায় একটি শিশু বনের পাখিকে ডাকছে। পাখিটিকে সে সোনার খাঁচায় রাখতে চায়। আর পাকা ও মিষ্টি ফল খেতে দিতে চায়।

২) 'বনের পাখি' কবিতায় শিশুটি কাকে ভালোবাসতে চায় ও কেন ভালোবাসতে চায়?

উঃ 'বনের পাখি' কবিতায় শিশুটি বনের পাখিটিকে ভালোবাসতে চায়। কারণ শিশুটির মা শিশুটিকে বলেছে, কারো প্রাণে কষ্ট দিতে নেই। সেই কারণে পাখিটির হাঁকডাক শুনে শিশুটি ভাবছে পাখিটির কষ্ট হচ্ছে। তাই সে পাখিটিকে খাঁচায় রেখে তাকে ভালোবাসতে চায়।

৩) কয়েকটি কথা বলা পাখির ও কয়েকটি খাঁচায় পোষা পাখির নাম বলো এবং 'বনের পাখি' ও 'খাঁচার পাখি'-র মধ্যে কে স্বাধীন আর কে পরাধীন তা লেখো।

উঃ কয়েকটি কথা বলা পাখির নাম হল — টিয়া, ময়না ও কাকাতুয়া। কয়েকটি খাঁচায় পোষা পাখির নাম হল — তোতা, চন্দনা ও ময়না। 'বনের পাখি' হল স্বাধীন। আর 'খাঁচার পাখি' হল পরাধীন।

\_\_\_\_\_ x \_\_\_\_\_

Rita Das